

নং-৪৬.১০.০০০০.০০৫.৪৫.০৭১.২১-৩০৪

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮  
১২ আগস্ট ২০২১

অফিস আদেশ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, অঞ্চল-৭ এর বর্জ্য ব্যবস্থাপনা পরিদর্শক জনাব সুমন কুমার মহন্ত এর বিরুদ্ধে ৫০ নং ওয়ার্ডের সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর জনাব ডি.এম.শামীম একটি অভিযোগপত্র দাখিল করেনঃ

অভিযোগসমূহ নিম্নরূপঃ


- জনাব সুমন কুমার মহন্ত ৫০ নং ওয়ার্ডে কর্মরত মশক ও পরিচ্ছন্নতা কর্মীর সুপারভাইজার জনাব এনায়েতউল্লাহ দেওয়ান এর নিকট মাসোহারা হিসেবে টাকা চান।
- টাকা না দিলে পরিচ্ছন্ন কর্মীদের অনুপস্থিত দেখানোর ভয় দেখান, অনুপস্থিত দেখিয়ে জনাব এনায়েতউল্লাহ দেওয়ানসহ পরিচ্ছন্ন কর্মীদের বেতন কাটার ভয় দেখান।
- টাকা না দিলে দেখে নেয়ার হুমকি দেন, পরিচ্ছন্ন কর্মীদের বেতন শীটে স্বাক্ষর না করারও হুমকি দেন; এসব বিষয়ে প্রতিবাদ করলে বা কাউকে জানালে চাকুরী খেয়ে ফেলারও হুমকি দেন এবং অশ্লীল গালি-গালাজ ও খারাপ আচরণ করেন।

২। এ অবস্থায়, উপরোক্ত অভিযোগসমূহ তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব তাপস শীলকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

৩। তিনি বিষয়টি তদন্ত করে ০৭(সাত) দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

জনাব তাপস শীল  
নির্বাহী ম্যাজিস্ট্রেট  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

  
২২/০৮/২০২১  
মোহাম্মদ মাসুদ আলম হুসাইন  
সচিব

ফোন-৮৮৩৪৯৩০

secretary@dncc.gov.bd

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৫০, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৭, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ এবং HRM সফটওয়্যারে তথ্য হালনাগাদ করণের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, অঞ্চল-০৭, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- জনাব....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- অফিস কপি।